**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৬৮/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ২৬ ফেব্রুয়ারি ২০১৮, ১৪ ফাল্গুন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মানসম্পন্ন শিক্ষার বিকল্প নেই : স্বর্ণপদক বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

২। শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট বিল সংসদে পাশ

৩। দেশে আবাদযোগ্য কৃষি জমি ৭৯ লাখ হেক্টর : সংসদে কৃষিমন্ত্রী

৪। গাছ কাটা বন্ধ থাকায় সুন্দরবনে গাছের সংখ্যা বাড়ছে : সংসদে পরিবেশমন্ত্রী

৫। রোহিঙ্গা সমস্যার সমাধান প্রচেষ্টা অব্যাহত থাকবে
পররাষ্ট্রমন্ত্রীর সাথে সাক্ষাৎকালে মিয়ানমারের নবনিযুক্ত রাষ্ট্রদূত

৬। কক্সবাজারের রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেছেন নোবেল বিজয়ী তিন নারী

৭। মহানগরীর শিল্প প্রতিষ্ঠানগুলোকে অর্থনৈতিক জোনে নিয়ে যাওয়া হবে : নৌমন্ত্রী

৮। অন্যায় করলে কাউকে ছাড় নয় : আইনমন্ত্রী

৯। রংপুরের সাবেক মেয়র সরফুদ্দীন আহমদ ঝন্টু'র ইন্তেকাল : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক

১০। ২২ জেলায় জেলা প্রশাসক পদে পরিবর্তন

চলমান পাতা-২

**১।     মানসম্পন্ন শিক্ষার বিকল্প নেই : স্বর্ণপদক বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিশ্বে মাথা উঁচু করে দাঁড়াতে হলে মানসম্পন্ন ও সময়োপযোগী উচ্চশিক্ষার কোনো বিকল্প নেই। মানসম্পন্ন শিক্ষা এবং গবেষণার মাধ্যমে অর্জিত জ্ঞান, দক্ষতা ও উদ্ভাবনী শক্তিই পারে সব প্রতিকূলতা ও প্রতিবন্ধকতা কাটিয়ে সভ্যতাকে উন্নত পর্যায়ে নিয়ে যেতে। গতকাল (২৫ ফেব্রুয়ারি রোববার) তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) প্রদত্ত প্রধানমন্ত্রী স্বর্ণপদক-২০১৫ ও ২০১৬ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি এসব কথা বলেন। আগামী মাসের মধ্যেই বাংলাদেশ মধ্যম আয়ের দেশে পরিণত হবে বলে এ সময় আশাবাদ ব্যক্ত করেন প্রধানমন্ত্রী। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ২৬৫ শিক্ষার্থীর হাতে স্বর্ণপদক তুলে দেন প্রধানমন্ত্রী। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫)।

**২।     শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট বিল সংসদে পাশ**

দেশের তরুণদের প্রয়োজনীয় প্রশিক্ষণ ও শিক্ষা প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে 'শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট বিল-২০১৮' সংসদে পাশ হয়েছে। গতকাল ( ২৫ ফেব্রুয়ারি রোববার) বিলটি সংসদে পাশের প্রস্তাব করেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী বীরেন শিকদার। পরে তা কণ্ঠভোটে পাশ হয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

**৩।     দেশে আবাদযোগ্য কৃষি জমি ৭৯ লাখ হেক্টর : সংসদে কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বলেছেন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো প্রকাশিত কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ-২০১৬ অনুযায়ী বাংলাদেশে আবাদযোগ্য কৃষি জমি ৭৯ দশমিক ৪৬ লাখ হেক্টর। গতকাল (২৫ ফেব্রুয়ারি রোববার) জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে মন্ত্রী এ তথ্য জানান। মন্ত্রী আরো জানান, কৃষি সম্প্রসারণ অধিদফতরের জেলা এবং উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ বিভিন্ন সভা, মাঠ দিবস, প্রশিক্ষণ, উঠান বৈঠক এবং দলীয় আলোচনার সময় কৃষি জমির গুরুত্ব তুলে ধরে এসব জমি যাতে অকৃষি খাতে ব্যবহার করা না হয় সেজন্য কৃষকদের উদ্বুদ্ধ করে থাকেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৮)।

**৪।     গাছ কাটা বন্ধ থাকায় সুন্দরবনে গাছের সংখ্যা বাড়ছে : সংসদে পরিবেশমন্ত্রী**

পরিবেশ ও বনমন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ সংসদে জানিয়েছেন, ২০১৬ সালের জানুয়ারি থেকে ২০২২ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত সুন্দরবনে গাছ কাটা বন্ধ রাখা হয়েছে। গাছ কাটা বন্ধ থাকায় সুন্দরবনে সুন্দরী, গেওয়া, গরানসহ অন্যান্য গাছের সংখ্যা বাড়ছে। গতকাল (২৫ ফেব্রুয়ারি রোববার) সংসদে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৮), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৪)।

**৫।     রোহিঙ্গা সমস্যার সমাধান প্রচেষ্টা অব্যাহত থাকবে**
**পররাষ্ট্রমন্ত্রীর সাথে সাক্ষাৎকালে মিয়ানমারের নবনিযুক্ত রাষ্ট্রদূত**

পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলীর সঙ্গে গতকাল (২৫ ফেব্রুয়ারি রোববার) পররাষ্ট্র মন্ত্রণালয়ে বৈঠক করেছেন মিয়ানমারের রাষ্ট্রদূত লুই উ। এ সময় পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলীর সঙ্গে দ্বিপাক্ষিক বিভিন্ন ইস্যুতে আলোচনা করেন রাষ্ট্রদূত। বৈঠকে বাংলাদেশের পক্ষ থেকে চলমান রোহিঙ্গা সঙ্কট তুলে ধরা হয়। বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গা সমস্যার সমাধানে প্রচেষ্টা অব্যাহত থাকবে বলে জানান ঢাকায় নিযুক্ত মিয়ানমারের রাষ্ট্রদূত লুই উ। বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে দ্বিপক্ষীয় এবং অর্থনৈতিক সম্পর্ক উন্নয়নে কাজ করে যাবেন বলেও জানিয়েছেন তিনি। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৩)।

৬। **কক্সবাজারের রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেছেন নোবেল বিজয়ী তিন নারী**

কক্সবাজারের উখিয়ার রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেছেন শান্তিতে নোবেলজয়ী ইরানের শিরিন এবাদি, ইয়েমেনের তাওয়াক্কুল কারমান ও যুক্তরাজ্যের মেরেইড ম্যাগুয়ার। রোহিঙ্গা নির্যাতনের বিরুদ্ধে আন্তর্জাতিক জনমতকে আরও সংহত করতে ঢাকার নারীপক্ষ নামক নারী সংস্থার সহযোগিতায় নোবেল জয়ী তিন নারীর বাংলাদেশ সফরের আয়োজন করা হয়। গতকাল (২৫ ফেব্রুয়ারি রোববার) ক্যাম্প পরিদর্শনের সময় নারীপক্ষ এনজিও'র বিভিন্ন কর্মকর্তা ছাড়াও আন্তর্জাতিক অভিবাসন সংস্থাসহ বিভিন্ন দাতা সংস্থার কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সূত্র-**সংবাদ**(পৃ.১,ক.৩), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৭। **মহানগরীর শিল্প প্রতিষ্ঠানগুলোকে অর্থনৈতিক জোনে নিয়ে যাওয়া হবে : নৌমন্ত্রী**

দেশে ১১০টি ইকোনমিক জোন রয়েছে। ঢাকাসহ সব মহানগরীর শিল্প প্রতিষ্ঠানগুলোকে পর্যায়ক্রমে অর্থনৈতিক জোনে নিয়ে যাওয়া হবে বলে জানিয়েছেন নৌমন্ত্রী শাজাহান খান। তিনি জানান, রাজধানীর জলাবদ্ধতা দূর করতে ঢাকা মহানগরীর খালগুলো উদ্ধারে ৬০ কোটি টাকা বরাদ্দ চেয়েছে ঢাকা ওয়াসা। ইতোমধ্যে ঢাকা মহানগরের ৪৬টি খালের মধ্যে ২৬টি চিহ্নিত করা হয়েছে। এর মধ্যে ১৩টি খাল উদ্ধার, সংস্কার ও পাড় বাঁধাইয়ের কাজ চলছে বলে জানান তিনি। গতকাল (২৫ ফেব্রুয়ারি রোববার) সচিবালয়ে নৌ-পরিবহণ মন্ত্রণালয়ের সভাকক্ষে চট্টগ্রামের কর্ণফুলী নদীসহ ঢাকার চারপাশে নদীগুলোর দূষণরোধে এবং নাব্যতা বৃদ্ধি সংক্রান্ত 'টাস্কফোর্স 'এর ৩৭তম সভাশেষে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৮। **অন্যায় করলে কাউকে ছাড় নয় : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, অন্যায় করলে কাউকে ছাড় দেওয়া হবে না। তিনি বলেন, ব্যাংকের ঋণখেলাপি এবং আর্থিক অনিয়মের ব্যাপারে অনেক লেখালেখি হচ্ছে। সেগুলোর ব্যাপারে সরকারের অবস্থান অত্যন্ত পরিষ্কার। তিনি বলেন, যারা দোষী তাদের শাস্তি দেওয়া হবে। কারণ বাংলাদেশে কেউই আইনের উর্ধ্বে নয়। গতকাল (২৫ ফেব্রুয়ারি রোববার) রাজধানীতে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে অতিরিক্ত জেলা ও দায়রা জজ এবং সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তাদের ১৩৭তম রিফ্রেশার কোর্সের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি'র বক্তৃতাশেষে সাংবাদিকদের সাথে আলাপকালে আইনমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

৯। **রংপুরের সাবেক মেয়র সরফুদ্দীন আহমদ ঝন্টু'র ইন্তেকাল : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক**

দীর্ঘ ২৬ দিন চিকিৎসাধীন থাকার পর রংপুর সিটি করপোরেশনের সাবেক মেয়র ও সাবেক সংসদ সদস্য সরফুদ্দীন আহমদ ঝন্টু (৬৬) গতকাল (২৫ ফেব্রুয়ারি রোববার) বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে মারা গেছেন (ইন্নালিল্লাহি---রাজিউন)। তাঁর মৃত্যুতে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা শোক জানিয়েছেন। পৃথক বার্তায় তাঁরা উভয়েই মরহুমের আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৮)।

১০। **২২ জেলায় জেলা প্রশাসক পদে পরিবর্তন**

ঢাকা, চট্টগ্রাম, সিলেট, রাজশাহী, ময়মনসিংহসহ ২২ জেলায় জেলা প্রশাসক (ডিসি) নিয়োগ দিয়েছে জনপ্রশাসন মন্ত্রণালয়। এর মধ্যে ১৯ জেলায় নতুন নিয়োগ এবং বাকি তিন জেলার ডিসিকে বদলি করা হয়েছে। গতকাল (২৫ ফেব্রুয়ারি রোববার) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ-সংক্রান্ত আদেশ জারি করা হয়। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

## সম্পাদকীয়

ক. **সংবাদ :** আসন্ন এইচএসসি পরীক্ষায় যাতে প্রশ্নপত্র ফাঁস না হয় সেব্যাপারে কঠোর ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

খ. **ইত্তেফাক :** দেশে ব্যাটারিচালিত রিকশার দৌরাত্ম্য বেড়ে চলছে উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **সমকাল :** ঢাকা-কুয়াকাটা মহাসড়কে যানবাহনে চাঁদাবাজির খবরে উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হস্তক্ষেপ কামনা।

ঘ. **জনকণ্ঠ, যুগান্তর :** মশার উৎপাতের কারণে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে মালয়েশিয়ান এয়ারলাইন্সের একটি উড়োজাহাজ ছাড়তে নির্দিষ্ট সময় থেকে দুইঘন্টা বিলম্ব হওয়ায় উদ্বেগ প্রকাশ করে মশা নিধনে জরুরি পদক্ষেপ কামনা।

ঙ. **যায়যায়দিন :** রাজধানীর ৩১টি খেলার মাঠ ও পার্ক নতুন করে সাজাতে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের নেওয়া 'জলসবুজে ঢাকা' প্রকল্পের কাজ ধীরগতিতে চলছে উল্লেখ করে প্রকল্পটি দ্রুতগতিতে শেষ করার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** প্রতিবছর প্রায় ১৩ হাজার শিশু ক্যান্সারে আক্রান্ত হওয়ার পরিপ্রেক্ষিতে অতিদ্রুত এ বিষয়ে সার্ভে করে শহরে ও গ্রামে আক্রান্তদের চিহ্নিত করে চিকিৎসার ব্যবস্থা করাসহ মাতৃত্ব, শিশু স্বাস্থ্য ও পুষ্টিসংক্রান্ত সচেতনতামূলক প্রচারণা জোরদার করার সুপারিশ।

ছ. **ডেইলি সান :** সরকারি হাই স্কুলে ২২ শতাংশ শিক্ষকের পদ খালি থাকায় দ্রুত পর্যাপ্ত শিক্ষক নিয়োগের ব্যবস্থা করার সুপারিশ।

জ. **নিউ নেশন :** বোতলজাত অপরিশোধিত পানি জনস্বাস্থ্যের জন্য হুমকি হওয়ায় বিএসটিআই, সিটি করপোরেশন ও স্বাস্থ্য মন্ত্রণালয়ের সংশ্লিষ্টদের এ বিষয়ে সমন্বিত ব্যবস্থা গ্রহণের আহ্বান।

ঝ. **অবজারভার :** আসন্ন বর্ষা মৌসুমের আগেই ঢাকা শহরের উন্নয়ন কার্যক্রম সম্পন্ন করে দুর্ভোগের হাত থেকে রাজধানীবাসীকে স্বস্তি দেওয়ার প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশের উন্নয়নের জন্য আইনশৃঙ্খলা পরিস্থিতি ইতিবাচক থাকা প্রয়োজন।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'গর্ভকালীন সঠিক পরিচর্যা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, গর্ভাবস্থায় মহিলাদের সুন্দর ও ইতিবাচক চিন্তা করা উচিত, যাতে সেই প্রভাব শিশুর উপর পড়ে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা